# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** ২০ জুলাই ২০২২ খ্রি.

চাক্তাই শিল্প ও ব্যবসায়ী সমিতির সাথে মতবিনিময় সভায় মেয়র

## চাক্তাই-খাতুনগঞ্জ এলাকায় জোয়ারের পানি প্রবেশ না করার জন্য স্থায়ী সমাধান প্রয়োজন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চাক্তাই ও খাতুনগঞ্জ দেশের ব্যবসা বাণিজ্যের প্রাণকেন্দ্র। এই ঐতিহ্যকে ধারণ করে ব্যবসায়ীদের দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা ও মিল মালিকদের পিক আওয়ারে মিল বন্ধ রেখে বিদ্যুৎ সাশ্রয়ের জন্য প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে এগিয়ে আসার আহবান জানান। তিনি বলেন, দীর্ঘদিন যাবৎ চাক্তাই খাতুনগঞ্জ এলাকায় জোয়ারের পানি প্রবেশ করে ব্যবসায়ীদের খাদ্য দ্রব্য নষ্ট হওয়াসহ যে ধরণের ভোগান্তি পোহাতে হচ্ছে তা অত্যন্ত দুঃখজনক। চাক্তাই খাতুনগঞ্জ এলাকা বাংলাদেশের আমদানী-রপ্তানী পণ্যের পাইকারী ব্যবসায়ীদের সবচেয়ে বড় বাজার উল্লেখ করে এই এলাকায় জলজটের ভোগান্তি হলে সারা দেশের দ্রব্য মূল্যের উপর এর প্রভাব পড়ে। তাই এই বিষয়টি গুরুত্ব দিয়ে সরকার ও সকল সেবা সংস্থার সমন্বয়ে এসমস্যার সমাধান করা সময়ের দাবী। তিনি আজ সকালে চাক্তাই শিল্প ও ব্যবসায়ী সমিতির সাথে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সমিতির সভাপতি হাজী এস.এম হারুনুর রশিদের সভাপতিত্বে বক্তব্য রাখেন এনামুল হক, ওমর আযম, ফরিদ উদ্দীন আহমেদ, ফয়েজ উল্লাহ বাহাদুর, মীর আহমদ সওদাগর, রফিকুল্লাহ, মোহাম্মদ আলী, গোলাম রহমান, আব্বাস তালুকদার, আবুল কাশেম সওদাগর, এয়াছিন সওদাগর প্রমুখ।

মেয়র চাক্তাই শিল্প ও ব্যবসায়ী সমিতি রাজাখালী ভ্যালী ব্রীজ উপর চাউল পট্টির মোড় থেকে আসাদ গঞ্জ পর্যন্ত সংযোগ সড়ক ও ফুটওভার ব্রীজ, শাহ আমানত সেতুর নীচে খাস জায়গায় ট্রাক টার্মিনাল নির্মাণ, চাক্তাই ড্রামপট্টিতে চসিকের নিজস্ব জায়গার উপর দাতব্য চিকিৎসালয় নির্মাণ, কবরস্থান, গণশৌচাগার নির্মাণসহ চাক্তাইখালের ঘাটগুলো সংস্কারের ব্যাপারে সমিতির পক্ষ থেকে যেসব দাবী পেশ করা হয়েছে, তা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে বলে আশ্বাস দেন। তিনি ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, আমাদের সচেতনতার অভাবের কারণে খালে-নালায় মালামালের উচ্ছিষ্ট অংশ ফেলা এবং পলিথিন ব্যবহারের ফলে পলিথিন গুলো পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে, যে কারণে চাক্তাইখালসহ কর্ণফুলি নদীর নাব্যতা কমে গেছে।

এ প্রসংগে মেয়র বলেন, আমাদের পরিচ্ছন্ন কর্মীরা খাল-নালা পরিস্কার করলেও কয়েক দিন পর তা আবারো পূর্বের অবস্থায় ফিরে আসে এর জন্য কারা দায়ী? এ বিবেচনা নিয়ে বিচার করে নিজেরা নিজেদের পাশের খাল-নালা পরিস্কার না রাখতে পারলে জলজট সমস্যা কোনদিন সমাধান হবে না। তিনি বলেন, জোয়ারের পানি প্রবেশ না করার জন্য স্থায়ী সমাধান প্রয়োজন। এই ব্যাপারে নগরীর সেবা সংস্থা সমুহের সাথে আলোচনা করে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হবে বলে ব্যবসায়ীদের জানান।

পাঁচলাইশের জাতিসংঘ পার্ক পরিদর্শনকালে চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী

## জাতিসংঘ পার্ক সংস্কার ও পূনঃনির্মান করে সমন্বয়ের দৃষ্টান্ত স্থাপন করবে চসিক ও গণপূর্ত বিভাগ

নগরীর পাঁচলাইশ এলাকার জাতিসংঘ পার্কের পরিদর্শনে গিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এম. রেজাউল করিম চৌধুরী বলেন, নগরীতে খোলা জায়গা দিন দিন কমে আসছে। সংকুচিত হয়ে আসছে বিনোদন ও খেলার মাঠ। নগরীর মানুষের যা ন্ত্রিক জীবনধারার অবসরে একটু বিনোদন ও স্বস্তি দিতে গণপূর্ত বিভাগ পাঁচলাইশের কাতালগঞ্জ সংলগ্ন জাতিসংঘ পার্কটি নির্মান করে সঠিক কাজটিই করেছিল। কিন্তু, দুর্ভাগ্যজনক ভাবে এই পার্কের আর কোন উন্নয়ন হয়নি। নানান জটিলতা ও স ঠিক পরিচর্যার অভাবে পার্কটি চরম অবহেলার শিকার। সুন্দর মনোরম পরিবেশে পার্কটি নির্মান করা হলেও এখন আর সে প রিবেশটি নেই। ফলে মানুষের আকর্ষন হারিয়ে পার্কটি অনেকটা পরিত্যক্ত স্থানে পরিনত হয়েছে। এ পার্কটির যথযথ সংস্কার ও আশপাশকে পরিচ্ছন্ন করে তুলে আধুনিকতা পরশে নতুন করে সাজাতে পারলে মানুষ চিত্ত বিনোদন ও অবসর সময় কাটা তে আবারো পার্কটিকে বেছে নিবে, এতে সন্দেহের কোন অবকাশ নেই।

তাই, এই পার্কটি সংস্কার ও পূনঃনির্মান করে আমরা চসিক ও গণপূর্ত বিভাগ সমন্বয়ের দৃষ্টান্ত স্থাপন করতে চাই। এসময় মেয়র রেজাউল করিম চৌধুরী পার্কের লে-আউট পর্যালোচনা করেন।
আজ বুধবার সকালে পার্কটি পরিদর্শনকালে মেয়রের সাথে উপস্থিত ছিলেন সিটি কর্পোরেশনের পিএস টু মো. মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী আবু ছিদ্দিক, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী রাহুল গুহ এবং চসিক ও গণপূর্ত বিভাগের উর্দ্ধতন কর্মকর্তা বৃন্দ।

## বীর মুক্তিযোদ্ধা বদিউল আলম দোভাষের মৃত্যুতে সিটি মেয়রের শোক

মরহুম আবদুল নবী দোভাষের তৃতীয় পুত্র বীর মুক্তিযোদ্ধা বদিউল আলমের মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন। তিনি এক শোক বার্তায় মরহুমের রুহের মাগফেলাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার বর্গের প্রতি সমবেদনা জানান।

চসিক ভ্রাম্যমান আদালত

## এডিস মশার বিস্তার রোধে অভিযান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মরুফা বেগম নেলী পরিচালিত এই অভিযানে নগরীর আরাকান সড়কে চান্দগাঁও র‍্যাব অফিসের বিপরীতে নির্মাণাধীন ভবনের নীচতলায় এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় আরিফ টাওয়ারের ভবন মালিককে ১০ হাজার টাকা জরিমানা করা হয় এবং ভবনের নীচের জমাটবদ্ধ পানি দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা নেওয়ার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে এই বর্ষা মৌসুমে নির্মাণাধীন ভবনের নীচতলায়, ভবনের ছাদে বা ছাদ বাগানে যাতে পানি না জমে সে বিষয়ে সতর্ক থাকার জন্য ভবন মালিকদের প্রতি বিশেষভাবে অনুরোধ জানানো হয়। একই অভিযানে শাহ আমানত সেতু সংযোগ সড়কের এক কিলোমিটার এলাকায় দোকানের ময়লা আবর্জনা নালায় ফেলে পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধে দুই দোকান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও চসিকের ভারপ্রাপ্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩